

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ  
প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন  
১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮।

স্মারক নং : মিই/প্রশা/ব্যান-৯০৪/২০১৭/৬০৫

তারিখ : ০৩ বৈশাখ, ১৪২৪  
১৬ এপ্রিল, ২০১৭

আদেশপত্র

আপনি জনাব মোঃ খায়রুল ইসলাম আলমাজী, কর্মচারী নং-৯০৪, ঢাকা দুগ্ধ কারখানা, মিরপুর বিক্রয় কেন্দ্রের ইনচার্জ হিসেবে দায়িত্ব থাকাকালীন সময়ে বিগত ১৫/০৬/২০০৯ খ্রিঃ তারিখ হতে ১২/০৪/২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত বিভিন্ন সময়ে অসং উদ্দেশ্যে অবৈধভাবে নিজে লাভবান হাওয়ার জন্য ক্ষমতার অপব্যবহার করে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সামগ্রীর বিক্রয়লব্ধ টাকা মিষ্ক ইউনিয়নের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা না করে ব্যক্তিগত ব্যাংক হিসাবে জমা রাখা ও মজুদ ঘাটতি বাবদ ৪২,৬৩,৫১৭.০০ (বিয়াল্লিশ লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত সতের) টাকা আত্মসাত করেন।

২। যেহেতু আপনাকে স্মারক নং মিই/প্রশা/ব্যান-৯০৪/২০১১/১৫৫৫ তারিখ : ২৩/০৪/২০১১ পত্রমূলে সাময়িক বরখাস্ত আদেশ প্রদান করা হয়।

৩। যেহেতু আপনাকে মিষ্ক ইউনিয়নের স্মারক নং-মিই/প্রশা/ব্যান-৯০৪/২০১২/১৩৪৫, তারিখ: ০৫/০৪/২০১২ খ্রিঃ এবং স্মারক নং-মিই/প্রশা/ব্যান-৯০৪/২০১২/১৭৪৩, তারিখ: ২৯/০৪/২০১২ খ্রিঃ পত্রমূলে কারন দর্শানো হয়।


৪। যেহেতু স্মারক নং-মিই/প্রশা-৭/এস-২৮৪/২০১২/২৩৩২, তারিখ: ০২/০৭/২০১২ খ্রিঃ পত্রমূলে আপনার বিরুদ্ধে অভিযোগপত্র গঠন করা হয়।

৫। যেহেতু ব্যবস্থাপনা কমিটির ০৬/১০/২০১২ খ্রিঃ তারিখের সভায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি চাকুরীচ্যুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। যেহেতু গত ২২/০৪/২০১২ খ্রিঃ তারিখ দুর্নীতি দমন কমিশন অর্থ আত্মসাতের দায়ে দণ্ডবিধির ৪০৯ ধারা এবং ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা রুজু করেন এবং গত ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখে বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা কর্তৃক রায়ে আদেশে পলাতক আসামী জনাব মোঃ খায়রুল ইসলাম আলমাজী কে Penal Code এর ৪০৯ ধারায় এবং Prevention of Corruption Act, 1947 এর ৫(২) ধারায় দোষী সাব্যস্তক্রমে ৫(পাঁচ) বছর বিনাশ্রম কারাদণ্ড ও ৪৩,০০,০০০.০০ (তেতাল্লিশ লক্ষ) টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়।

৭। যেহেতু আপনি মিষ্ক ইউনিয়নে চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ২০০৮ (সংশোধিত ২০০৯) এর ২.০৪(খ) অনুযায়ী কর্তব্য কাজে চরম অবহেলা করে অসদাচরণ করেছেন এবং একই বিধির ৮.০১(১)(ঘ) মোতাবেক দুর্নীতি পরায়ন হিসেবে বিবেচিত হয়েছেন।

৮। সেহেতু আপনাকে মিষ্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ২০০৮ (সংশোধিত ২০০৯) এর ৮.০২ এর (১) (খ) (২) ধারা অনুযায়ী গুরুদণ্ড হিসেবে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) দণ্ড প্রদান করা হল। এ আদেশ ২৩/০৪/২০১১ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।



মোঃ জাকির হোসেন  
(অতিরিক্ত সচিব)  
ব্যবস্থাপনা পরিচালক  
মিষ্ক ইউনিয়ন

প্রাপক : জনাব মোঃ খায়রুল ইসলাম আলমাজী  
প্রাক্তন বিপণন তত্ত্বাবধায়ক, কর্মচারী নং-৯০৪  
মিরপুর বিক্রয় কেন্দ্র, ঢাকা দুগ্ধ কারখানা, মিরপুর, ঢাকা।  
স্থায়ী ঠিকানা :  
পিতা: মৃত: নুরুল্লাহ আলমাজী  
গ্রাম: ঘারিয়াপুর, ডাকঘর: শাহজাদপুর, থানা: শাহজাদপুর, জেলা: সিরাজগঞ্জ।

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি/পরিঃ, কারি: ও বিপণন)
২. সকল অতিরিক্ত মহাব্যবস্থাপক .....
৩. সকল উপ-মহাব্যবস্থাপক .....
৪. সকল ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা .....
৫. চেয়ারম্যান, মিষ্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা
৬. নোটিশ বোর্ড
৭. ব্যক্তিগত নথি
৮. অফিস নথি।

Disciplinary orders